খাতওয়ারী এপ্রিল ২০১৮ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

১। সর্বমোট অর্জন। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী এপ্রিল ২০১৮ মাসের সর্বমোট ২৭৪ কোটি ৮৫ লক্ষ ১৫ হাজার ৩৫০ টাকার সাফল্য অর্জন করে।

২। চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য। এপ্রিল ২০১৮ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট ১৫৮ কোটি ০৯ লক্ষ ৭৪ হাজার ৪০০ টাকার অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
চোরাচালান পণ্য			
১।	অকটেন/ডিজেল	২,৭১৪ লিটার	১,৪২,০০০/০০
২।	বার্থিং হাউজার/ওয়্যার রোপ	২৫০ মিটার	৫,০০,০০০/০০
৩।	শাড়ি	২,৬৬২ পিস	১,৭৯,৩০,০০০/০০
৪।	ড্রাম/ব্যারেল	৮৩ টি	২৩,০০০/০০
৫।	শুকনো হাঙ্গর	৮০ কেজি	৯৬,০০০/০০
৬।	ছোট মাছ	২৪০ কেজি	৭২,০০০/০০
৭।	গোল্ড	৫০ গ্রাম	২,১৬,০০০/০০
৮।	পাংগাস পোনা	১,১৫০ কেজি	৪,০২,৫০০/০০
৯।	টিএসপি সার	৫,০০০ কেজি	২,০০,০০০/০০
১০।	অন্যান্য (ইট, লোহা, সিলিন্ডার)	-	৮৯,২০০/০০
অস্ত্র উদ্ধার			
১।	অস্ত্র	০৬ টি	-
২।	তাজা গোলা	৩৭ রাউন্ডস	-
৩।	ব- ্যাংক কার্টিজ	৮০ রাউন্ডস	
৪।	রামদা/ছুরি/চাপাতি	০৮ টি	-
মাদকদ্রব্য			
১।	ইয়াবা	৩১,০৮,৭২৪ পিস	১৫৫,৪৩,৬২,০০০/০০
২।	বিভিন্ন ধরনের বিয়ার	১,৩০৪ বোতল/ক্যান	৮,৮১,৮০০/০০
৩।	গাঁজা	৩০০ গ্রাম	৬,০০০/০০
বনজ সম্পদ			
১।	বিভিন্ন প্রকার কাঠ	১,৫৪৯ ঘনফুট	২৮,৫৮,৯০০/০০
পরিবেশ রক্ষা			
১।	পলিথিন	৭,৮০০ কেজি	১১,৭০,০০০/০০
২।	হরিণের মাথা	০১ টি	-
৩।	হরিণের চামড়া	০৩ টি	-
আটককৃত বাহন			
১।	বোট/ ট্রাক/মটর সাইকেল	১৩ টি	২০,২৫,০০০/০০
আটককৃত জনবল			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	১৩ জন	-
উদ্ধার অভিযান			
১।	অপহৃত বাওয়ালী উদ্ধার	১৭৮ জন	-
২।	গোলপাতার বোট উদ্ধার	৫৫ টি	
৩।	অপহৃত বিপন্ন জেলে উদ্ধার	০৮ জন	
৪।	যাত্রী উদ্ধার	১৩ জন	-
৫।	বোট উদ্ধার	০১ টি	-
		সর্বমোট	১৫৮,০৯,৭৪,৪০০/০০

৩। মৎস্য সম্পদ রক্ষা অভিযান।মৎস্য সম্পদ রক্ষা অভিযানে এপ্রিল ২০১৮ মাসে সর্বমোট ১১৬ কোটি ৭৫ লক্ষ ৪০ হাজার ৯৫০ টাকার ১,৭০,৫১,১০০ মিটার কারেন্ট জাল, ৫৮,৪৩,৭৯০ মিটার অন্যান্য জাল, ৯৪৭ পিস বেহুন্দি/ মশারি জাল, ২৫,৫০৭ কেজি জাটকা, ২,৭৮,৯৫,৫৮০ পিস রেনু পোনা, ৬৪ টি বোট ও ১৫৯ জন জেলেকে আটক করা হয়।

৪। রোহিঙ্গা অনুপ্রবেশ রোধ। সম্প্রতি মায়ানমারের বর্ডার গার্ড পুলিশ ও রোহিঙ্গাদের মধ্যে সৃষ্ট অস্থিরতার প্রেক্ষিতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর স্টেশান টেকনাফ, সেন্টমার্টিন্স ও আউটপোস্ট বাহারছড়া ও শাহপুরীতে অতিরিক্ত জনবল মোতায়েন করা হয়েছে। পাশাপাশি উক্ত স্থানসমূহে সর্বোচ্চ প্রস্তুতি অবলম্বনের মাধ্যমে সার্বক্ষণিক বিশেষ টহল চলমান রয়েছে। এছাড়াও, কোস্ট গার্ড বাহিনী বহরে সদ্য সংযোজিত লিডার ক্লাস অফশোর পেট্রোল ভেসেল (ওপিভি) সমূহ এ কার্যক্রমে নিয়োজিত রয়েছে। কোস্ট গার্ড বাহিনী দায়িত্বপূর্ণ এলাকায় টহল জোরদার করেছে এবং উক্ত এলাকায় অবৈধ অনুপ্রবেশকারীদের গতিবিধির উপর কঠোর নজরদারি বজায় রেখে অবৈধ অনুপ্রবেশ রোধ করা হচ্ছে। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক এপ্রিল ২০১৮ মাসে বাংলাদেশে অবৈধভাবে মায়ানমার নাগরিক অনুপ্রবেশ, আটক এবং মায়ানমারে ফেরত পাঠানো হয়নি।

৫। অপহৃত বাওয়ালী উদ্ধার অভিযান। গত ০১ এপ্রিল ২০১৮ তারিখ গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়, দাকোপ থানাধীন সুন্দরবনস্থ টেপামারী ভারানী এলাকায় একদল ডাকাত চ্যানেলে অবরুদ্ধ করে বেশকিছু গোলপাতার বোট আটক করে বাওয়ালীদের অপহরণের চেষ্টা করছিল। উক্ত সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বাহিনীর অপারেশান দল পরবর্তীতে ডাকাত আটকের লক্ষ্যে জঙ্গলের বিভিন্ন চ্যানেলে তল্লাশি করে ০২ টি ডাকাতের আস্তানার সন্ধান পায় এবং ধ্বংস করতে সক্ষম হয়। অপারেশান দল ৫৫টি গোলপাতার বোটসহ অপহৃত ১৭৮ জন বাওয়ালীকে উদ্ধার করে। পরবর্তীতে অপহৃত বাওয়ালী ও বোট হেফাজতে নিয়ে আঁদাচাই ফরেস্ট অফিসে হস্তান্তর করা হয়।

৬। অপহৃত বিপন্ন জেলে উদ্ধার অভিযান।গত ১৮ এপ্রিল ২০১৮ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়, শ্যামনগর থানাধীন কলাগাছিয়া ফরেস্ট অফিস সংলগ্ন বাদুরঝুরি খাল এলাকায় একদল ডাকাত কিছু জেলে আটক করে রেখেছে। উক্ত সংবাদের ভিত্তিতে অপারেশান পরিচালনাকালে কোস্ট গার্ড বাহিনীর সিজি স্টেশান দোবেকী, কয়রা ও বুড়িগোয়ালিনী নৌ পুলিশের অভিযান দলের সাথে ডাকাতদলের গুলি বিনিময় হয় এবং একপর্যায়ে ডাকাতদলের সদস্যরা বোট রেখে গভীর জঙ্গলে পালিয়ে যায়। অভিযান দল সর্তকতার সাথে বোটের কাছে যায় এবং উক্ত এলাকায় অভিযান চালিয়ে ০৮ জন অপহৃত বিপন্ন জেলেকে উদ্ধার করে এবং ০১ টি একনালা বন্দুক, ১৫ রাউন্ড তাজা গোলা, ৮০ রাউন্ড ব্ল্যাংক কার্টিজ, ০২ টি দা, ০১ টি কুড়াল ও ০১ টি বোট জব্দ করা হয়। পরবর্তীতে উদ্ধারকৃত জেলে, অস্ত্র, গোলা ও বোট বুড়িগোয়ালিনী নৌ পুলিশের নিকট হস্তান্তর করা হয়।

৭। চোরাচালান বিরোধী অভিযান। গত ১৯ এপ্রিল ২০১৮ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বাহিনীর সিজি বেইস মংলা ও সিজি স্টেশান রূপসা বিশেষ অভিযান পরিচালনার মাধ্যমে রূপসা থানাধীন খান জাহান আলী ব্রিজ এলাকা হতে ২৩২৭ পিস বিদেশী শাড়ি (বৈধ কাগজপত্র ছাড়া) আটক করে যার আনুমানিক মূল্য টাকা ১,৬২,৮৯,০০০/০০ (টাকা এক কোটি বাষট্টি লক্ষ উননব্বই হাজার মাত্র)। পরবর্তীতে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য খুলনা কাস্টমস এর নিকট হস্তান্তর করা হয়। এছাড়াও গত ২৪ এপ্রিল ২০১৮ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বাহিনীর সিজি স্টেশান টেকনাফ বিশেষ অভিযান পরিচালনার মাধ্যমে টেকনাফ থানাধীন বড়ইতলী খাল হতে ৫০ গ্রাম সোনা ও ০১ জন চোরাচালানকারীকে আটক করা হয়। উদ্ধারকৃত সোনার আনুমানিক মূল্য টাকা ২,১৬,০০০/০০ (টাকা দুই লক্ষ ষোল হাজার মাত্র)। পরবর্তীতে সোনা ও চোরাচালানকারীকে টেকনাফ থানায় হস্তান্তর করা হয়।

৮। বিশেষ অভিযান। গত ০৩ এপ্রিল ২০১৮ তারিখে গোপন সবাদের ভিত্তিতে জানা যায়, খুলনা সদর থানাধীন রূপসা ঘাট ফিশিং মার্কেট সংলগ্ন এলাকায় একদল অবৈধ ব্যবসায়ী অস্ত্র কেনাবেচার উদ্দেশ্যে অবস্থান করছে। উক্ত সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বাহিনীর সিজি বেইস মংলা ও সিজি বেইস রূপসার অভিযান দল রূপসা ঘাট ফিশিং মার্কেট সংলগ্ন জঙ্গলে তল্লাশী চালিয়ে ০১ টি ৭.৬২ মিঃমিঃ চাইনিজ পিস্তল ম্যাগাজিনসহ ও ০১ রাউন্ড তাজা গোলা উদ্ধার করা হয়। পরবর্তীতে উদ্ধারকৃত অস্ত্র ও গোলা খুলনা সদর থানায় হস্তান্তর করা হয়।

৯। বনদস্যু দমন অভিযান। গত ১২ এপ্রিল ২০১৮ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বাহিনীর সিজি বেইস মংলা এবং সিজি স্টেশান হারবারিয়ারা যৌথভাবে বাগেরহাট জেলার মোংলা থানাধীন ভাইজোড়া খাল সংলগ্ন এলাকায় অভিযান পরিচালনা করে। কোস্ট গার্ড বাহিনীর উপস্থিতি বুঝতে পেরে বনদস্যু মোশারফ বাহিনীর সদস্যগণ কোস্ট গার্ড বাহিনী সদস্যদের উপর গুলি চালায় একসময় কোস্টগার্ড বাহিনীও পাল্টা গুলি চালায়। গোলাগুলির এক পর্যায়ে ডাকাত সদস্যগণ উক্ত স্থান হতে পালাবার চেষ্টাকালে ০৩ টি অস্ত্র ও ২০ রাউন্ড তাজা গোলাসহ একজন ডাকাত সদস্যকে আটক করা হয়। পরবর্তীতে আটককৃত জলদস্যু, অস্ত্র ও তাজাগোলা মোংলা থানায় হস্তান্তর করা হয়।

১০। উদ্ধার অভিযান। গত ১৮ এপ্রিল ২০১৮ তারিখে ০১ ফিশিং বোটসহ ০৬ জন জেলে ইনানীর অদূরে বোটটি ডুবে যায়। স্থানীয়ভাবে খবরের ভিত্তিতে সিজি স্টেশান ইনানী ও সিজি আউটপোস্ট হিমছড়ি ঘটনাস্থলে গিয়ে বোট এবং ০৬ জন জেলেকে উদ্ধার করে। পরবর্তীতে বোট এবং জেলেদেরকে তাদের আত্মীয়ের নিকট হস্তান্তর করা হয়।

১১। <u>অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবীদের পরিসংখ্যান</u>। এপ্রিল ২০১৮ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবী আটক করা হয় নাই।